ভোরের কাগজ

213

তারিখ ... OCT 28 1999 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ৬

## রাঙ্গামাটি সরকারি কলেজে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট আহ্বান

রাঙ্গামাটি প্রতিনিধি : রাঙ্গামাটি সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করার দাবিতে কলেজের সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল বুধবার এ কর্মসূচি ঘোষণা করে।

অধ্যক্ষের কক্ষের সামনে দীর্ঘ তিন ঘন্টার অবস্থান ধর্মঘট পালনের সময় কলেজের সকল কার্যক্রম বন্ধ হয়ে যায়।

প্রায় ৫০০ শিক্ষার্থী এতে অংশ নেয়। এ সময় বক্তব্য রাখেন ছাত্রনেতা মাহবুর রহমান, রিপন চাকমা, ইসান আকতার, কৃষ্ণ, আরিফুর রহমান, রানা দাশ, শামীম আক্তার, টুম্পা দে প্রমুখ আগামী পহেলা নভেম্বর থেকে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করেন।